# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৪১০০৫৬৬১/বরিশাল-২৩৪/ ২২৩

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩২ / ১৬ জুলাই ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ নারাঙ্গাল নেছার মহল দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে জনাব মোঃ মোঃ তানবিরুল ইসলাম একটি অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত অভিযোগে মাদ্রাসার সুপার মোঃ মাহবুবুর রহমান স্বেচ্ছাচারিতা, দুর্নীতি ও অর্থ আত্মসাৎসহ মাদ্রাসার স্বার্থ বিরোধী বিভিন্ন কার্যক্রমে জড়িত মর্মে অভিযোগে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৪১০০৫৬৬১/বরিশাল-২৩৪/

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩২ / ১৬ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, দক্ষিণ নারাঙ্গাল নেছার মহল দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসা, ডাকঘর: কলসকাঠী, বাকেরগঞ্জ, বরিশাল;
৫. সভাপতি, দক্ষিণ নারাঙ্গাল নেছার মহল দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসা, ডাকঘর: কলসকাঠী, বাকেরগঞ্জ, বরিশাল;
৬. মোঃ তানবিরুল ইসলাম (অভিযোগকারী), গ্রামঃ নারায়ঙ্গাল, ডাকঘরঃ দক্ষিন সাদিস, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১৬.০৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\মনিটর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

তারিখঃ ১৪/০৫/২০২৪ইং

বরাবর,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ,

বকশি বাজার, ঢাকা।

**বিষয়ঃ দক্ষিণ নারাঙ্গল নেছারমহল দারুসুন্নাত দাখিল মাদ্রাসার সুপার মোঃ মাহাবুবুর রহমান এর সেচ্ছাচারিতা, দুর্নীতি ও অর্থ আত্মসাৎ এর তদন্ত, ও এডহক কমিটি অনুমোদন না দেয়া প্রসংগে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ তানবীরুল ইসলাম পরিচালক ইলেকশন মনিটরিং ফোরাম (ই.এম.এফ) এবং দক্ষিণ নারাঙ্গল নেছারমহল দারুসুন্নাত দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতির সন্তান আমার বাবার অনেক কষ্টে অর্জিত এই প্রতিষ্ঠানটিকে নিজ হাতে গড়িয়েছেন। কিন্তু অতিব ও দুঃখের বিষয় প্রতিষ্ঠানের সুপার মোঃ মাহাবুবুর রহমানের দুর্নীতি,সেচ্ছাচারিতা ও অর্থ আত্মসাৎ এর কারণে প্রতিষ্ঠানটি ধ্বংসের দারপ্রান্তে এসে পৌছেছে। এবং বিগত দিনে যাদেরকে নিয়ে দুর্নীতি করিয়াছেন তাদেরকেই এডহক কমিটিতে সদস্য হিসেবে আপনার দপ্তরে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

**নিম্নে দফওয়ারি তার দুর্নীতির প্রমাণাদি তুলে ধরা হইলোঃ**

১। এক বছরের অধিককাল অনুপস্থিত থেকেও কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বেতন ভাতার টাকা অর্থ আত্মসাৎ করার কপি সংযুক্ত।

২। বিগত দুই বছরের মাদ্রাসার দাখিল পরীক্ষার রেজাল্ট দুঃখজনক। কারণ মাদ্রাসায় না এসে কাকরদা বাজারে ফার্মেসির ব্যবসা করেন। যার কারণে ২০২৩ইং সালে ১ জন নিয়মিত, ১ জন ক্যাজুয়াল পাশ করেন। ২০২২ইং সালে ৬জন পাশ করেন। কপি সংযুক্তি।

৩। রিজার্ভ ফান্ড ও জেনারেল ফান্ডের টাকা উত্তোলন করে আত্মসাৎ করে। কপি সংযুক্তি।

৪। মাদ্রাসা ও এতিমখানা ও শিক্ষা প্রতিষ্ঠানের টাকা আত্মসাৎ এর তদন্ত রিপোর্ট। কপি সংযুক্তি।

৫। বিভিন্ন পত্র পত্রিকায় মোঃ মাহাবুবুর রহমানের দুর্নীতি,সেচ্ছাচারিতা ও অর্থ আত্মসাৎ এর অভিযোগ প্রকাশিত হয়েছে। কপি সংযুক্তি।

৬। দুর্নীতি,সেচ্ছাচারিতার কারণে নিয়মিত পাঠদান না করায় ছাত্র-ছাত্রীর সংখ্যা শূন্যের কোটায় যাহা সরজমিনে তদন্ত করলে দেখা যাবে।

৭। বিগত সাত বছরের সরকারের নির্ধারিত ১০টা থেকে ৪টা পর্যন্ত ক্লাস হয়নি। যাহা সরজমিনে দেখা যাবে।

৮। সরকার বিরোধী ও আইন শৃংঙ্খলা বাহিনীর বিরুদ্ধে ফেইসবুক অনলাইনে প্রচারকারি ও জামাতের সক্রিয় সদস্য কপি সংযুক্ত।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন যাহাতে উপরক্ত অভিযুক্ত সুপার মোঃ মাহাবুবুর রহমানের দুর্নীতি,সেচ্ছাচারিতা ও অর্থ আত্মসতের তদন্ত না করে এডহক কমিটি অনুমোদন না দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

বনীত নিবেদক

14.05.2024

(মোঃ তানবীরুল ইসলাম)

পরিচালক

ইলেকশন মনিটরিং ফোরাম (ই.এম.এফ)